

# বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

'বাংলায় অনূদিত'

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা ।

এফই সার্কুলার নং- ২৩

তারিখ : ২৪ ডিসেম্বর, ২০১৫

বৈদেশিক মুদ্রায় লেনদেনের

সকল অনুমোদিত ডিলার ।

প্রিয় মহোদয়গণ,

## বাংলাদেশ ব্যাংকে TM (Travel and Miscellaneous) ফরম দাখিল প্রসঙ্গে ।

বাংলাদেশ ব্যাংক এর অনলাইন রিপোর্টিং সিস্টেমে দৈনন্দিন ভিত্তিতে বৈদেশিক মুদ্রার লেনদেনের রিপোর্টিং এবং বাংলাদেশ ব্যাংকে TM (Travel and Miscellaneous) ফরম দাখিল প্রসঙ্গে গাইডলাইন ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজাকশান্স (জিএফইটি), ভলিউম-১ (২০০৯,) অনুচ্ছেদ-০২ অধ্যায়-০৫,; জিএফইটি, ভলিউম-২ (২০১০); এফই সার্কুলার: ৩৩ তারিখ: ০২ সেপ্টেম্বর, ২০১৪ এবং এফইপিডি সার্কুলার পত্র ২৬ তারিখ: ০৯ ডিসেম্বর, ২০১২ এর প্রতি অথরাইজড ডিলার ব্যাংকের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে ।

জানুয়ারী, ২০১৬ হতে মাসিক/মেয়াদ ভিত্তিক রিটার্ন দাখিলের সময় জিএফইটি, ২০০৯, ভলিউম-১ এর এপেনডিক্স (৫/৫) এ বর্ণিত TM ফরম এবং TM সম্পর্কিত দালিলাদি বাংলাদেশ ব্যাংক এ দাখিলের বিষয়ে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে । এ প্রকৃতির লেনদেন সম্পাদনের সময় বাংলাদেশ ব্যাংকের অনলাইন TM মনিটরিং সিস্টেমে আপডেট করতে হবে ।

অথরাইজড ডিলার ব্যাংক TM ফরম এর হার্ডকপি ও সংশ্লিষ্ট দালিলাদির রেকর্ড এবং বাংলাদেশ ব্যাংকের পরিদর্শনের নিমিত্তে ০৫ (পাঁচ) বছর সংরক্ষণ করবে । তবে, বাংলাদেশ ব্যাংকের পরিদর্শন দল/অন্যান্য সরকারী সংস্থার তদন্তাধীন কেসের ক্ষেত্রে TM ফরম এবং সংশ্লিষ্ট দালিলাদির পূর্ণ সেট উক্ত পরিদর্শন দল/সরকারী সংস্থার ছাড়পত্র প্রাপ্তি পর্যন্ত সংরক্ষণ করতে হবে ।

অথরাইজড ডিলার ব্যাংক কর্তৃক জিএফইটি, ভলিউম-১ (২০০৯,) অধ্যায়-১০ এর নির্দেশনা মোতাবেক বাংলাদেশ ব্যাংকে স্টেটমেন্ট দাখিল অব্যাহত থাকবে ।

অনুগ্রহপূর্বক বিষয়টি সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করবেন ।

আপনাদের বিশ্বস্ত,

স্বাঃ/-

(জগন্নাথ চন্দ্র ঘোষ)

উপ মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০০৯২